

'ফুটপাত দখল করলেই দোকান বন্ধ'

অনলাইন ডেস্ক



দোকানিদের হুঁশিয়ারি দিয়ে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক বলেছেন, ফুটপাতে চুলা বসিয়ে বা যেকোনোভাবে এক ইঞ্চি জায়গায়ও দখল করবেন না। করলে দোকান বন্ধ করে দেওয়া হবে।' আজ শনিবার দুপুরে ডিএনসিসি'র আঞ্চলিক কার্যালয়-৪ (মিরপুর) এ এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

'৭ দিনে পরিষ্কার আমাদের প্রিয় শহর' শীর্ষক অনুষ্ঠানে মেয়র আনিসুল হক বলেন, 'ফুটপাতের এক ইঞ্চি জায়গাও দখল করবেন না। কর্মকর্তাদের ম্যাজিস্ট্রেটসি পাওয়ার দেওয়া আছে। প্রথমে বুঝাবেন, না মানলে কাউন্সিলদের নিয়ে ওয়েল্ডিং করে দোকান বন্ধ করে দেবেন।'

তিনি আরো বলেন, 'ফুটপাত সাধারণ মানুষের, সাধারণ মানুষ হাঁটবে। আপনি দোকান নিয়েছেন, দোকানের মধ্যে থাকেন। আগামী ১০ মাসের মধ্যে ফুটপাতের মধ্যে দোকানের বর্ধিতাংশ আর সহ্য করা হবে না।'

ফুটপাতের হকারদের প্রতি নিজের সহানুভূতির কথা জানিয়ে তিনি বলেন, 'আপনাদের প্রতি আমাদের সহানুভূতি রয়েছে। কিন্তু সাধারণ মানুষের চাওয়া, আপনারা ফুটপাত ছেড়ে দিন। আমরা আপনাদের অন্য কোথাও বসার ব্যবস্থা করার চেষ্টা করছি।'

আগামী এপ্রিলের মধ্যে মূল রাস্তার ফুটপাতমুক্ত করা হবে বলে জানিয়েছেন ডিএনসিসি'র মেয়র।

নগরবাসীর উদ্দেশ্যে মেয়র বলেন, 'পরিচ্ছন্নকর্মী, কর্মকর্তা, কাউন্সিলরা নগরবাসীকে সেবা দিচ্ছেন, তাদের সম্মান দিন।'

ফ্লাইওভার ও দেয়াল লিখন বন্ধের আহ্বান জানিয়ে আনিসুল হক বলেন, 'ফ্লাইওভার, দেয়ালে অনেক কোম্পানি, রিয়েল এস্টেট ব্যবসায়ী বিভিন্ন প্রচারণামূলক বিজ্ঞাপণ দিচ্ছেন। দয়া করে চলতি মাসের মধ্যে নিজ দায়িত্বে সেগুলো মুছে ফেলুন।'

এসব মুছে ফেলার জন্য ১ মার্চ পর্যন্ত সময় দেয়া হলো বলেও জানান তিনি।

বিডি-প্রতিদিন/২০ ফেব্রুয়ারি ২০১৬/শরীফ